

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৭৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৩. তাশাহ্ছদ পড়ার পর নাবী (ﷺ) এর উপর দরুদ পাঠ

باب الصَّلَاةِ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم بَعْدَ التَّشَهُّدِ

আরবী

حَدَّتَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّتَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى، عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ، قَالَ قُلْنَا أَوْ قَالُوا يَا رَسُولَ اللهِ أَمَرْتَنَا أَنْ نُصَلِّيَ عَلَيْكَ وَأَنْ نُسَلِّمَ عَلَيْكَ فَأَمَّا السَّلَامُ فَقَدْ عَرَفْنَاهُ فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ قَالَ " قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا صَلِّ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إَبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ ".

_ صحیح : ق

বাংলা

৯৭৬। কা'ব ইবনু 'উজরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা বললাম অথবা লোকজন বললো, হে আল্লাহর রসূল! আপনি আমাদেরকে আপনার উপর দরুদ ও সালাম পড়ার আদেশ করেছেন। সালাম পাঠের নিয়ম আমরা জানতে পেরেছি। কিন্তু আপনার উপর দরুদ কিভাবে পাঠ করবো? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা বলো-

''আল্লাহুম্মা সল্লি 'আলা মুহাম্মাদিন ওয়া 'আলি মুহাম্মাদিন কামা সল্লাইতা 'আলা ইবরাহীমা ওয়া বারিক 'আলা মুহাম্মাদিন ওয়া 'আলি মুহাম্মাদিন কামা বারাকতা 'আলা ইবরাহীমা ইন্নাকা হামীদুম মাজীদ''-

(অর্থঃ হে আল্লাহ, আপনি মুহাম্মাদ, তাঁর বংশধরদের উপর রহমত বর্ষন করুন যেরূপ রহমত বর্ষণ করেছেন ইবরাহীমের উপর। আপনি ইবরাহীমকে যেমন বরকত দান করেছেন তেমনি মুহাম্মাদ ও তাঁর বংশধরদের বরকত দান করুন। নিশ্চই আপনি প্রশংসিত ও মহান)।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।



English

Ka'b b. 'Ujrah said:

We said or the people said: Messenger of Allah, you have commanded us to invoke blessing on you and to salute you. As regards salutation we have already learnt it. How should we invoke blessing? He said: Say: "O Allah, bless Muhammad and Muhammad's family as Thou didst bless Abraham and Abraham's family. O Allah, grant favours to Muhammad and Muhammad's family as Thou didst grant favours to Abraham; Thou art indeed praiseworthy and glorious.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : তাফসীর, সূরাহ আল-আহ্যাব, অনুঃ আল্লাহর বানী : ইরাল্লাহা ওয়া মালায়িকাতাহু যুসাল্লুনা 'আল্লায়াবী ইয়া আইয়ূ হাল্লাযিনা আমানু সল্লু 'আলায়হি ওয়া সাল্লিমূ তাসলিমা, হাঃ ৪৭৯৭), মুসলিম (অধ্যায় : সালাত, অনুঃ তাশাহহুদের পর নাবী সাঃ-এর উপর দর্মদ পাঠ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন